কুষ্টিয়ায় অসুস্থ শহর শ্রমিক লীগের সভাপতি পাশে জেলা শ্রমিক লীগের নেতারা

অসুস্থ হয়ে নিজ বাড়ীতে চিকিৎসাধীন কুষ্টিয়া শহর শ্রমিক লীগের সভাপতি দেওয়ান মাসুদুর রহমান স্বপনকে দেখতে গেছেন জাতীয় শ্রমিকলীগ কেন্দ্রীয় কমিটির নির্বাহী সদস্য ও কুষ্টিয়া জেলা শ্রমিক লীগের সাধারণ সম্পাদক আমজাদ আলী খান।

আজ মঙ্গলবার সন্ধ্যায় শহরের জিকে এলাকার বাসায় শ্রমিকলীগের নেতারা এই নেতার শরীরের অবস্থা এবং চিকিৎসার খোঁজখবর নেন। তারা অসুস্থ এই নেতার দ্রুত আরোগ্য কামনা করেন।

এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, দেওয়ান মাসুদুর রহমান স্বপন বেশ কিছুদিন ধরে শারীরীক জটিলতাসহ বিভিন্ন রোগে শোকে ভুগছিলেন।

এসময় মহিলা শ্রমিক লীগ কেন্দ্রীয় কমিটির সহ-সভাপতি মেহেরুন্নেসা বিউটি, জেলা শ্রমিক লীগের যুগ্ম সাধারণ সম্পাদক হামিদুল ইসলাম, সহ-সাধারণ সম্পাদক বাদশা আলমগীর, সাংগঠনিক সম্পাদক ইলিয়াস হোসেন, সাংগঠনিক সম্পাদক তরিকুল হাসান মিন্টু, জেলা শ্রমিক লীগের সমাজ কল্যাণ সম্পাদক ও শহর শ্রমিক লীগের সাধারণ সম্পাদক মাহবুব হোসেন, সহ ক্রিড়া সম্পাদক শফিকুল ইসলাম, জেলা যুব শ্রমিক লীগের সদস্য সচিব শরিফুল ইসলাম রিপন, সহ-সমাজ কল্যাণ সম্পাদক খামিনি আহমেদ, নির্বাহী সদস্য আসাদুল হক সহ নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

জাতীয় শ্রমিকলীগ কেন্দ্রীয় কমিটির নির্বাহী সদস্য ও কুষ্টিয়া জেলা শ্রমিক লীগের সাধারণ সম্পাদক আমজাদ আলী খান বলেন, তাঁর সুস্থতার জন্য কুষ্টিয়াবাসীর সকলের কাছে দোয়া চেয়েছেন। যাতে করে আল্লাহ তাকে দ্রুত সুস্থতা দান করেন।